গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
নরসিংদী সদর, নরসিংদী
Web: seo.narsingdisadar.narsingdi.gov.bd

# জুলাই/২৩ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভায় উপস্থিত তালিকা পরিশিষ্ট -ক

সভার স্থান : শীলমান্দি তাহেরা আছমত মাধ্যমিক বিদ্যালয়, নরিসংদী সদর, নরসিংদী।
তারিখ ও সময় : ১৯/০৬/২০২৩খ্রিষ্টাব্দ; সকাল – ১০:৩০ঘটিকায়
সভাপতি : মো: আবুল কালাম আজাদ, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নরসিংদী সদর, নরসিংদী।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রধান অতিথি জনাব মোহা: মোবারুল ইসলাম,জেলা শিক্ষা অফিসার, নরসিংদী মহোদয়, তাঁর নির্দেশনামূলক বক্তব্যে বলেন যে, সকল শিক্ষা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে মনিটরিং বোর্ড, অভিযোগ বক্স এবং বার্ষিক ম্যাগাজিনসহ অন্যান্য সহপাঠ্যক্রমিক কার্যক্রম সারাবছর চলমান রাখতে হবে। তিনি আরও বলেন যে, নতুন কারিকুলাম বাস্তবায়নে মাউশি ও এনসিটিবি'র প্রতিটি নির্দেশনা যথাযথভাবে পালন করতে হবে। পরিশেষে তিনি উপস্থিত সকল প্রতিষ্ঠান প্রধানদের শুভেচ্ছা জানিয়ে বক্তব্য শেষ করেন।

তারপরে সভাপতি আলোচ্যসূচি মোতাবেক বিস্তারিত আলোচনা করেন এবং সর্ব-সম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

১। নতুন শিক্ষাক্রম বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা -

মাউশি( মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্ত) এর স্মারক নং ৩৭.০২.০০০০.১০৭.৩১.১৫০.২০২৩.১০৪৮ তারিখ : ১১-০৫-২০২৩খ্রিষ্টাব্দের পত্র মোতাবেক ৬ষ্ঠ থেকে ১০ শ্রেণির শ্রেনিকার্যক্রম করতে কবে। প্রত্যাহিক সমাবেশ সকাল ৯:৪৫টা শুরু, আর সকাল ১০ থেকে ক্লাশ/সেসন শুরু করতে হবে।। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির রুটিন কোনরকমে পরিবর্তন করা যাবে না, ৮ম, ৯ম-১০ম শ্রেণির রুটিন শিক্ষা প্রতিষ্ঠান প্রয়োজন মনে করলে পরিবর্তন করে নিতে পারবে।

প্রধান শিক্ষক, পাচদোনা স্যার কৃষ্ণ গোবিন্দ গুপ্ত উচ্চ বিদ্যালয় বলেন যে, নতুন শিক্ষাক্রম বাস্তবায়নে খন্ডকালীন শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য প্রস্তাব করেন। পাশাপাশি তিনিও আরও প্রস্তাব করেন যতক্ষণ পর্যন্ত সরকারীভাবে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা সম্ভব না হবে, বিকল্পভাবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের মাধ্যমে খন্ডকালীন শিক্ষকণের প্রক্ষিণের ব্যবস্থা করা যেতে পারে। কোন প্রতিষ্ঠানকে ভেন্যু হিসেবে ব্যবহার করে ৫/৬টি বিষয়ের প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে।

শিখন এবং সামষ্টিক মূল্যায়ন মাউশি এর নির্দেশনা মোতাবেক যথাযথ বাস্তবায়ন করা হচ্ছে। বিষয়ভিত্তিক শিক্ষকগণ আগামী ১৫দিনের নতুন শিক্ষাক্রম বাস্তবায়নে যে কোন সমস্যা লিখিতভাবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান সকল শিক্ষকদের নিয়ে সমন্বয় সভার মাধ্যমে নতুন শিক্ষাক্রমের সমস্যা/সম্ভাবনা রেজিস্টারে লিপিবদ্ধ করবেন। কোনভাবেই শিক্ষকেরা এ ব্যাপারে শৈথিল্য প্রদর্শন করতে পারবেন না।

ডিজি এবং ডিডি মহোদয়ের নির্দেশনা মোতাবেক ২/০৫/২৩ এর পত্র, শিক্ষা উপকরন মেলা এবং অভিভাবকদের সাথে মতবিনিময়সভা করার জন্য অনুরোধ করা হয়। শিক্ষা প্রতিষ্ঠানে উপকরণ মেলা আগষ্ট/২৩ এর মধ্যে সম্পন্ন করে একটি প্রতিবেদন উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত। শিক্ষার্থীদের মাধ্যমে তৈরীকৃত উপকরণ দ্বারা মেলাটি উৎসব মুখর পরিবেশ পালন করতে হবে। শিক্ষা মেলা আয়োজনের পর উপজেলা ভিত্তিক মেলার আয়োজন করা হবে, সেখানে ১০/১৫টি শিক্ষা প্রতিষ্ঠানকে অংশগ্রহণের জন্য বলা হবে। আর উপজেলা শিক্ষা মেলায় উর্ধ্বতন কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো হবে। আর ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির ২০/২৫ জন অভিভাবকদের সাথে কমপক্ষে মাসে একবার আনুষ্ঠানিক/অআনুষ্ঠানিক সভা করা করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। বিভিন্ন ক্লাব গঠন সংক্রান্ত আলোচনা

মাউশি, জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন এবং উপজেলা পরিষদ থেকে নির্দেশনা মোতাবেক ল্যাংগুয়েজ ক্লাব, বিতর্ক ক্লাব, বিজ্ঞান ক্লাব, বাল্য-বিবাহ প্রতিরোধ কমিটি/ক্লাব, মাদক প্রতিরোধ কমিটি/ক্লাব ইত্যাদি ক্লাব গঠন করে, এসব ক্লাবের কার্যক্রমকে গতিশীল করতে হবে এবং এসব কার্যক্রমের সিডিউল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। আর উক্ত ক্লাবের আহবায়কদের নিয়ে মাসে একবার সভা করা যেতে পারে এবং সেই সভার সিদ্ধান্তসমূহ রেজিস্টার বহিতে লিপিবদ্ধ করার জন্য সম্মানিত প্রধানদের প্রতি অনুরোধ করা হয়। স্টুডেন্টস ক্যাবিনেটকে কার্যকর করার জন্য প্রতিষ্ঠান প্রধানদের প্রতি আহবান জানানো হয়।

৩। সততা স্টোর সংক্রান্ত আলোচনা

উপজেলার সততার স্টোর সমূহ দ্রুত চালু করার সিদ্ধান্ত গৃহীত হয়। যে সব প্রতিষ্ঠান নিজেদের উদ্যোগে সততা স্টোর চালু করবে বা করেছে, সেই প্রতিষ্ঠানের তালিকা এবং সততা স্টোরের ছবি ইমেইলে ও WhatApps এ দেওয়ার জন্য অনুরোধ করা হয়।

৪। বিতর্ক প্রতিযোগিতা সংক্রান্ত(দুদক) আলোচনা

দুদক( দুর্নীতি দমন কমিশন) এর কার্যক্রমের মধ্যে চিত্রাংকন, রচনা প্রতিযোগিতার পাশাপাশি বিতর্ক প্রতিযোগিতার আয়োজনের জন্য নির্দেশনা মাঝে-মাঝেই দেওয়া হয় । প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বিতর্ক ক্লাব গঠন করে আন্ত:শ্রেণি বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করার জন্য অনুরোধ করা হয় । উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন ।

সততা সংঘের বিষয়ে আলোচনান্তে সিদ্ধান্ত হয় যে প্রতিবছর জানুয়ারীর মধ্যে সততা সংঘের তালিকা আপডেট করে, তালিকা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করতে হবে । আর অন্যান্য সংঘ বা কমিটি যথাভাবে গঠন করতে হবে । সকল কমিটিকে নিয়ে প্রতিষ্ঠান প্রধান মাসে একবার একটি সমন্বয় সভার আয়োজন করার জন্য সিদ্ধান্ত গৃহীত ।

৫। সমন্বিত উপবৃত্তি সংক্রান্ত আলোচনা

প্রধানমন্ত্রী শিক্ষা সহায়তা ট্রাস্টের মাধ্যমে পরিচালিত সমন্বিত উপবৃত্তির তথ্য যথাসময়ে আপডেট করতে হবে এবং আবশ্যিকভাবে পাশওয়ার্ড পরিবর্তন করে প্রতিষ্ঠান প্রধান গোপনীয়ভাবে নিজের কাছে সংরক্ষণ করবেন।

৬। ইনহাউজ প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা

প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান নতুন শিক্ষাক্রম বাস্তবায়ন এবং অন্যান্য বিষয়ে শিক্ষকদের জন্য প্রতিমাসে ইনহাউজ প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবেন । ইনহাউজ প্রশিক্ষণের একটি সিডিউল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করবেন ।

৭। বিবিধ আলোচনা

অনলাইন এমপিও প্রেরণের ক্ষেত্রে মাউশি এবং ডিডি মহোদয়ের নির্দেশনা মোতাবেক প্রতিমাসের ৮ তারিখের মধ্যে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করতে হবে এবং পাশওয়ার্ড যথাযথভাবে প্রতিষ্ঠান প্রধান সংরক্ষণ করবেন । অনলাইন এমপিও প্রেরণ করার সময় প্রতিষ্ঠান প্রধান ২০২১ এর জনবল কাঠমোতে বর্ণিত নির্দেশাবলী মোতাবেক অনলাইনে ফাইল প্রেরণ করবেন ।

স্কাউট সংক্রান্ত আলোচনায় বলা হয় যে, শিক্ষা মন্ত্রণালয়ের ২০১৭ এর পত্র মোতাবেক ২৬/=টাকা হারে স্কাউট ফি ও গার্লস গাইড ফি আদায় করতে হবে । ২৬ টাকার মধ্যে ১৬/-টাকা স্কাউটস ফি হিসেবে আর ১০/=টাকা গার্লস গাইড ফি হিসেবে আদায় করতে হবে । স্কাউট ফি ১৬/=টাকার মধ্যে ১১/= টাকা শিক্ষা প্রতিষ্ঠানের স্কাউট তহবিলে, এবং অবশিষ্ট ৫/=টাকার মধ্যে ২/=টাকা জেলা স্কাউট তহবিলে এবং ৩/=টাকা উপজেলা তহবিলে জমা দিতে হবে । জেলা স্কাউট ফি হিসাব নং: ১৭১৯০০১০০০৬০৫ ( ২/=টাকা হারে ) ও উপজেলা স্কাউট ফি হিসাব নং : ১৭১৯০০১০০০৫৮২ ( ৩/=টাকা হারে) জমা দিতে হবে সোনালী ব্যাংক, কোর্ট বিল্ডিং শাখা, নরসিংদী । স্কাউট ফি জমা শেষে জমা রশিদের মূল কপি শিক্ষা প্রতিষ্ঠানে এবং ফটোকপি স্কাউট সম্পাদকের বরাবরে প্রেরণ করতে হবে । সদর উপজেলার স্কাউট সম্পাদক জনাব মনজিল-এ-মিল্লাত এর মোবাইল ০১৭১৫১৩৪০৮৪, এ নম্বরে WhatApps করতে হবে ।

আর গার্লস গাইডের ১০/= টাকা থেকে ৬/=টাকা শিক্ষা প্রতিষ্ঠানে গার্লস গাইডের তহবিলে এবং অবশিষ্ঠ ৪/=টাকা জেলা শিক্ষা অফিসের তহবিলে জমা দিতে হবে । জেলা শিক্ষা অফিসার ৪/=টাকা থেকে ২/=টাকা উপজেলা গার্লস গাইড কমিশনারের তহবিলে জমা দিবেন । জেলা গার্লস গাইডের টাকা জেলা গার্ল গাইড তহবিল ,সঞ্চয়ী হিসাব ১৭১৯৪০১০০৮১৩৫,সোনালী ব্যাংক, কোর্ট বিল্ডিং শাখা, নরসিংদীতে জমা দান করে , জমাদান রশিদের ফটোকপি, নরসিংদী জেলা কমিশনার জনাব তাহমিনা ফেরদৌসীর মোবাইল নম্বর ০১৭১৮২০০৩৪৪ তে WhatApps এ প্রেরণ করতে হবে ।আর আগামী ১০/০৮/২০২৩ এর মধ্যে গার্লস গাইডের অর্থ উক্ত হিসেবে জমাদানের সিদ্ধান্ত গৃহীত হয় ।

আর কোন আলোচনায় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আবারও শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

২৫/০৮/২৩
মো: আবুল কালাম আজাদ
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
ও সভাপতি, মাসিক সমন্বয় সভা
উপজেলার মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান
নরসিংদী সদর, নরসিংদী

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ :

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী।
২। উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী ।
৩। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
৪। উপজেলা একাডেমিক সুপারভাইজার, নরসিংদী সদর (কার্যার্থে)।
৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার ... ... ... .. ... ... ..স্কুল এন্ড কলেজ/স্কুল/মাদ্রাসা নরসিংদী সদর, নরসিংদী ( কার্যার্থে)
৬। অফিস নথি ।